


স্মারক নম্বর : ৩১.১২.৪৮০০.০০০.০০৭.১০.০০২৫.২২- ২৭২

তারিখ : ০৩ ফাল্গুন ১৪৩২
১৬ ফেব্রুয়ারি ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয় : জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জের রাজস্ব প্রশাসনের অধীন ২০তম গ্রেডের (অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী এবং পরিচ্ছন্নতা কর্মী) মোট ৫৯টি পদে নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র/প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট সংক্রান্ত।

জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জের রাজস্ব প্রশাসনের অধীন ২০তম গ্রেডের অফিস সহায়ক পদে ৫৫টি, নিরাপত্তা প্রহরী পদে ০৩টি এবং পরিচ্ছন্নতা কর্মী পদে ০১টিসহ মোট ৫৯টি শূন্যপদে নিয়োগ পরীক্ষা আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ রোজ শুক্রবার বেলা ১১.০০ ঘটিকা হতে ১২.০০ ঘটিকা পর্যন্ত বিভিন্ন কেন্দ্রে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করার জন্য আইডি ও পাসওয়ার্ড সম্বলিত মেসেজ টেলিটকের মাধ্যমে সকল প্রার্থীদের মোবাইল নম্বরে প্রেরণ করা হয়েছে। কোন পরীক্ষার্থী যদি মেসেজ না পেয়ে থাকেন অথবা প্রবেশপত্র ডাউনলোডে কোন সমস্যার সম্মুখীন হয়ে থাকেন অথবা ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র না পেয়ে থাকেন তাহলে প্রার্থীগণকে ডাউনলোডকৃত এপ্লিকেন্টস কপি অথবা প্রয়োজনীয় তথ্যাদিসহ (জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন/ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও পাসপোর্ট সাইজের ছবিসহ) আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন রেডিনিউ ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জের অফিস কক্ষে সশরীরে উপস্থিত হয়ে যোগাযোগ করার জন্য বলা হলো। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। পরবর্তীতে এ সংক্রান্ত কোন অভিযোগ/আপত্তি/ব্যাখ্যা গ্রহণযোগ্য হবে না।


মোহাম্মদ আসলাম মোল্লা
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ